গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পাটগ্রাম পৌরসভা কার্যালয়

বাজার শাখা

পাটগ্রাম,লালমনিরহাট।

উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- পা/পৌ/স/হাঃবাঃ/ ২০২৪/৩০(২১)

তারিখ ঃ ২৫/০২/২০২৪ ইং

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি -১৪৩১ বাংলা

সরকার কর্তৃক জারীকৃত স্থানীয় সরকার পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকার স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ - ২১ সেপ্টেম্বর/২০১১ইং মোতাবেক ০৬ আশ্বিন ১৪১৮ বাংলা এর আরোপিত বিধি মোতাবেক আগামী ১৪৩১ বাংলা সনে পাটগ্রাম পৌরসভাধীন রসুলগঞ্জ হাট-বাজার একসনা মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে প্রকৃত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মন্ত্রনালয়/বিভাগ | স্থানীয় সরকার পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় | | | | |
| ০২ | সংস্থা | পাটগ্রাম পৌরসভা কর্যালায়, লালমনিরহাট। | | | | |
| ০৩ | দরপত্র সম্পাদনকারী প্রধান | মেয়র, পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট। | | | | |
| ০৪ | সংগ্রহ সত্তার জেলা | লালমনিরহাট। | | | | |
| ০৫ | দরপত্রের বিষয় | রসুলগঞ্জ হাট-বাজার ইজারা একসনা | | | | |
| ০৬ | ইজারার সন | ১৪৩১ বাংলা | | | | |
| ০৭ | দরপত্রের মেয়াদ | ১ বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩১ পর্যন্ত | | | | |
| ০৮ | দরপত্র বিজ্ঞপ্তির তারিখ | ২৫-০২-২০২৪ইং | | | | |
| ০৯ | দরপত্র পদ্ধতি | সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের জন্য উন্মুক্ত দরপত্র পদ্ধতি | | | | |
| ১০ | দরপত্র প্রকাশের তারিখ | ২৭-০২-২০২৪ ইং | দরপত্র সিডিউল প্রাপ্তির শেষ তারিখ | | | |
| ১১ | দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময় | ক্যালেন্ডার | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারি | দরপত্র দাখিলের সময় | সরকারী কাংখিত মূল্য |
| | | ১ম বার | ১২-০৩-২০২৪ইং<br>২৮ফাল্গুন/১৪৩০ বাং | ১৩-০৩-২০২৪ ইং<br>২৯ফাল্গুন/১৪৩০ বাং | সকাল ৯:০০ ঘটিকা হতে<br>দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ২,৮৭,৫৮,০৮৭/= |
| | | ২য় বার | ২৪-০৩-২০২৪ইং<br>১০চৈত্র/১৪৩০ বাং | ২৫-০৩-২০২৪ইং<br>১১চৈত্র/১৪৩০বাং | সকাল ৯:০০ ঘটিকা হতে<br>দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | |
| | | ৩য় বার | ০৩-০৪-২০২৪ইং<br>২০চৈত্র/১৪৩০ বাং | ০৪-০৪-২০২৪ইং<br>২১চৈত্র/১৪৩০ বাং | সকাল ৯:০০ ঘটিকা হতে<br>দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | |
| ১২ | দরপত্র খোলার তারিখ ও সময় | উপরে উলেখিত ক্যালেন্ডারের তারিখ মোতাবেক বিকেল ৪:০০ ঘটিকা | | | | |
| ১৩ | দরপত্র সম্পাদনকারী অফিস ও ঠিকানা | পাটগ্রাম পৌরসভা কার্যালয়, পাটগ্রাম, লালমনিরহাট। | | | | |
| ১৪ | দরপত্র প্রাপ্তির স্থান ( ছুটির দিন ব্যতিত) | (ক) জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (খ) উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ,পাটগ্রাম (গ)সহকারী কমিশনার (ভূমি)কার্যালয়, পাটগ্রাম (ঘ) থানা ( পুলিশ ষ্টেশন) কার্যালয়, পাটগ্রাম (ঙ) সোনালী ব্যাংক , পাটগ্রাম শাখা এবং (চ) পাটগ্রাম পৌরসভা কার্যালয় । | | | | |
| ১৫ | দরপত্র দাখিলের স্থান | (ক) জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (খ) উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ,পাটগ্রাম (গ)সহকারী কমিশনার (ভূমি)কার্যালয়, পাটগ্রাম এবং (ঘ) পাটগ্রাম পৌরসভা কার্যালয় । | | | | |
| ১৬ | দরপত্র মূল্য | ৫৮,০০০/= ( আটান্ন হাজার টাকা মাত্র) অফেরৎ যোগ্য মুল্যের যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে বিডি/পে-অর্ডার দাখিল পূর্বক দরপত্র ক্রয় করতে হবে। | | | | |
| ১৭ | দরপত্র খোলার স্থান | পাটগ্রাম পৌরসভা কার্যালয়, লালমনিরহাট। | | | | |
| ১৮ | দরপত্র মূল্যায়নের তারিখ | ১৮-০৩-২০২৪ ইং সকাল ১১:৩০ ঘটিকা (সম্ভব্য) | | | | |
| ১৯ | ইজারার বিষয় | সরকারি কাংখিত মূল্য | দরপত্র মূল্য<br>(অফেরত যোগ্য) | দরপত্র জামানত | ইজারার মেয়াদ | ঠিকাদারের যোগ্যতা |
| | পাটগ্রাম পৌরসভাধীন রসুলগঞ্জ<br>হাট-বাজার ইজারা-১৪৩১ বাংলা সন | ২,৮৭,৫৮,০৮৭/= | ৫৮, ০০০/= | দরপত্রে উল্লেখিত দরের ৩০% | ১ বৈশাখ/১৪৩১ হতে<br>৩০ চৈত্র ১৪৩১ পর্যন্ত | সকল ব্যক্তি/প্রতিষ্ঠান |

শর্তাবলী ঃ

১। পাটগ্রাম পৌরসভার নির্ধারিত সিডিউল ছাড়া নিম্নবর্ণিত হাট-বাজারের বাৎসরিক ইজারা প্রদানে দরপত্র গ্রহন করা যাবে না।

২। দরপত্রের সহিত দরপত্রে উলেখিত দরের ৩০% অর্থ জামানত স্বরুপ মেয়র, পাটগ্রাম পৌরসভা অনুকুলে ব্যাংক ড্রাফ্ট-এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ যার ইজারা মূল্য গৃহিত হবে তার ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে । ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মেটানো হবে। বৎসর সমাপনান্তে বাকী অর্থ ফেরত প্রদান করা হবে ।

৩। যার দরপত্র গৃহীত হবে তাকে অফিস কর্তৃক পত্র দেওয়ার পর উক্ত পত্র প্রাপ্তির তারিখ হতে ০৭(সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ এবং ইজারা মুল্যের উপর ১০% আয়কর, ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর ) বিধি মোতাবেক পরিশোধ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ ,আয়কর ও ভ্যাট প্রদানে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। ১ বৈশাখ/১৪৩১ হতে ৩০ চৈত্র/১৪৩১ বাংলা সন পর্যন্ত এই ইজারা বলবৎ থাকবে।

৫। দরপত্রের সহিত সংযুক্ত নির্ধারিত হারের অতিরিক্ত টৌল আদায় করা যাবে না । অতিরিক্ত টৌল আদায় করলে ইজারা বাতিলসহ সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহন করা হবে। ইজারাদারকে নির্ধারিত টৌল আদায়ের হার হাট-বাজারের প্রকাশ্য স্থানে জনসাধারনের অবগতির জন্য ঝুলিয়া দিতে হবে।

৬। ইজ্যারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

৭। দরপত্র দাতাকে খামের উপরে হাট-বাজারের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে । দরপত্রে কোন ঘষাঘষি,কাটাকাটি, বা অসম্পূর্ণ দরপত্র গ্রহন যোগ্য হবে না।

৮। গৃহিত দরপত্রের সমুদয় অর্থ, আয়কর, ও ভ্যাট জমা দেওয়ার পর বাজারের দখল অনুমোদিত দরদাতার নিকট নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে হস্তান্তর করা হবে। হাট-বাজারের পরিস্কার-পরিচ্ছন্নতার দায়িত্ব ইজারারদারকেই বহন করতে হবে। সে লক্ষ্যে প্রয়োজনীয় লোকবল ইজারাদারকে নিয়োগ করতে হবে।

৯। সরকার যদি ইজারা গ্রহিতার প্রদেয় হিসাবে আর কোন কর সংযোজন করে ইজারাদার তা বহন করতে বাধ্য থাকবে।

১০। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ইজারা প্রাপ্ত ব্যক্তি হাট-বাজারের জমিতে কোন পাকা ঘর নির্মান করতে পাবেন না এবং হাটের জায়গায় অবস্থিত কোন গাছপালা কর্তন করতে পারবেন না।

১১। সরকারী বিধি মোতাবেক গৃহিত দরপত্রের আয়কর ও ভ্যাট (মূল্য সংযোজন কর) ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে। তবে আয়কর ও ভ্যাট ইজারা মূল্যের অতিরিক্ত হিসেবে গণ্য হবে এবং উহা ইজারাদারকেই পরিশোধ করতে হবে।

১২।সরকার কর্তৃক জারীকৃত স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,স্থানীয় সরকার বিভাগ,ঢাকার স্বারকনং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ - ২১ সেপ্টেম্বর/২০১১ ইং মোতাবেক ০৬ আশ্বিন ১৪১৮ বাংলা এর আরোপিত বিধি সমূহ পালন করতে হবে।

১৩। অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) দরপত্র দাখিল সংক্রান্ত যাবতীয় তথ্যাদি পৌরসভার বাজার শাখা এবং সাধারন শাখা হতে জানা যাবে।

১৪। উপরোক্ত যে কোন শর্ত খেলাপ করলে বা পালন করতে গাফিলতি করলে ইজারা বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল করা হবে এবং ইজারার অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৫। জেলা প্রশাসক কর্তৃক ১৪৩১ বাংলা সনের জন্য অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে।

১৬। একই দর একাধিক দরপত্রে পাওয়া গেলে এবং কাগজ পত্র শর্তানুযায়ী সঠিক ও একই হলে সে ক্ষেত্রে উভয়ের উপস্থিতিতে লটারীর মাধ্যমে প্রকৃত ইজারাদার নির্বাচন করা হবে এবং অনুমোদিত দরদাতা সমুদয় অর্থ জমা না দেওয়া পর্যন্ত দ্বিতীয় দরদাতার জামানত জমা থাকবে । নির্বাচিত দরদাতা সময়মত অর্থ জমাদানে ব্যর্থ হলে দ্বিতীয় নির্বাচিত দরদাতাকে ইজারা গ্রহনের জন্য আহবান করা হবে।

১৭। অনিবার্য কারন বসতঃ নির্ধারিত দিনে দরপত্র গ্রহন বা খোলা সম্ভব না হলে পরবর্তী কার্য দিবসে একই স্থানে ও একই সময়ে দরপত্র গ্রহন বা খোলা হবে।

১৮। কর্তৃপক্ষ যে কোন দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিলের ক্ষমতা সংরক্ষন করে।

( মোঃ রাশেদুল ইসলাম সুইট )

মেয়র

পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট।